

শোক বাণী


ঢাকা, ০৫/০২/২০১৭

বর্ষীয়ান রাজনীতিবিদ, অভিজ্ঞ পার্লামেন্টারিয়ান, বাংলাদেশ আওয়ামী লীগের উপদেষ্টামন্ডলীর সদস্য এবং আইন, বিচার ও সংসদ-বিষয়ক সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি সুরঞ্জিত সেন গুপ্তের মৃত্যুতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ইসমাত আরা সাদেক গভীর শোক ও দুঃখ প্রকাশ করেছেন।

এক শোক বার্তায় প্রতিমন্ত্রী বলেন, সুরঞ্জিত সেন গুপ্তের মৃত্যুতে এক বর্ণাঢ্য রাজনৈতিক জীবনের অবসান হলো।

তাঁর মৃত্যু আমাদের রাজনৈতিক অঙ্গনে এক অপূরণীয় শূন্যতা সৃষ্টি করলো।

তিনি প্রয়াত সুরঞ্জিত সেন গুপ্তের আত্মার শান্তি কামনা করেন এবং শোক সন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানান।



মুহা. শিপলু জামান
সিনিয়র তথ্য কর্মকর্তা
জনপ্রশাসন মন্ত্রণালয়
ফোন: ৯৫৭৪৪২৫